


প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ০৬:০৯  
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ১২:৩৬

অনলাইন  
ভার্সন

Share  
প্রিন্ট করুন 

# আনিসুল হকের মৃত্যুতে ফেসবুক জুড়েও শোকের ছায়া

| অনলাইন প্রতিবেদক




ফাইল ছবি

না ফেরার দেশে চলে গেলেন (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। বাংলাদেশ সময় বৃহস্পতিবার ১০ টা ২৩ মিনিটে লন্ডনের একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৬৬ বছর।


আনিসুল হকের মৃত্যুতে সামাজিক যোগাযোগ  
মাধ্যম ফেসবুক জুড়ে নেমে এসেছে শোকের ছায়া।  
সর্বস্তরের মানুষ তাদের নিজ নিজ ফেসবুক ওয়ালে  
স্ট্যাটাস দিয়ে আনিসুল হকের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছেন।

সানজানা চৌধুরি ঐশী তার স্ট্যাটাসে লিখেছেন- ‘আনিসুল হক আরেকটা আসে না। এতো সহজে আসেনা।’



কবির চৌধুরি তন্ময় লিখেছেন, ‘মেয়র আনিসুল হক মৃত্যুর দেশে পাড়ি জমালেন। ইন্মালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে আনিসুল হকের মৃত্যু হয়। পরপারে আপনার মতন করে ভালো থাকবেন আনিস ভাই...’

সাংবাদিক আহমেদ ফয়েজ লিখেছেন- ‘তিনিই প্রথম ব্যক্তি যিনি ঢাকাকে সিঙ্গাপুর বানাতে চেয়েছেন। ভালো থাকুন আনিসুল হক।’




সাংবাদিক ইসমাইল সিরাজি তার স্ট্যাটাসে লিখেছেন, ‘আমার পছন্দের একজন মেয়র আনিসুল হক, তার মৃত্যু সংবাদে সত্যি খুব খারাপ লাগছে। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।’

মেয়র আনিসুল হকের একটি ইউটিউব লিংকসহ শফিউল আলম সৈকত তার ফেসবুকের স্ট্যাটাসে লিখেছেন- ‘সেই বিটিভির দিনগুলো টু আজকের দিনের মেয়র পর্যন্ত ... একজন প্রচন্ড স্মার্ট লোক হারালাম ...’।



যুবায়ের মোহম্মদ নাঈম তার স্ট্যাটাসে লিখেছেন, ‘ভাল থাকবেন মেয়র।’

মারফিয়া সৈয়দা তাইয়েবা হায়দার তার স্ট্যাটাসে লিখেছেন, ‘জীবনের প্রথম নামাজ পরে, কারো আত্মার জন্য দোয়া করলাম।মানতে এখনো কষ্ট হচ্ছে। আসুন সবাই "আনিসুল হক " উনার জন্য দোয়া করি।’



সামাজিক যোগাযোগ মাধ্যম আদিত্য শাহীন লিখেছেন- ‘ঢাকার মানুষ একজন মেয়র পেয়েছিলেন, যিনি স্বপ্ন দেখতে ও দেখাতে জানতেন। পারতেন অসম্ভবকে সম্ভব করতে...’।

বিডি-প্রতিদিন/ আব্দুল্লাহ সিফাত তাফসীর